# যুগান্তর

তারিখ 18 NOV 2006
পৃষ্ঠা ১৮ কলাম ৮


## শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা পরিষদে মনোনীতদের প্রতিরোধের ঘোষণা

যুগান্তর রিপোর্ট

শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা কমিটিতে রাজনৈতিকভাবে মনোনীতরা অবৈধভাবে পদ আগলে রাখতে চাইলে শিক্ষক-কর্মচারীরা তা প্রতিরোধের ঘোষণা দিয়েছেন।

শুক্রবার জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট নেতারা এক বিবৃতিতে এ ঘোষণা দিয়ে বলেন, শিক্ষা মন্ত্রণালয় সরকারি আদেশ জারি করে শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা কমিটি থেকে রাজনৈতিকভাবে মনোনীতদের নিয়োগ বাতিল করেছে। কিন্তু জোট সরকারের মনোনীত কিছু ব্যক্তি সরকারি আদেশের অপব্যাখ্যা দিয়ে পরিচালনা কমিটিতে মনোনীত পদ আগলে রাখতে চায়। নেতারা ক্ষোভ প্রকাশ করে বলেন,

ঘোষণা : পৃষ্ঠা ১১ : কলাম ৭

## ঘোষণা : প্রতিরোধের

(শেষ পৃষ্ঠার পর)

প্রধান উপদেষ্টা শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে রয়েছেন। নেতারা বলেন, শিক্ষাক্ষেত্রে প্রয়োজনীয় সংস্কারের লক্ষ্যে আলোচনার জন্য তারা প্রধান উপদেষ্টার সাক্ষাৎ চেয়েও পাননি। এটা অনাকাঙ্ক্ষিত।

ফ্রন্টের প্রধান সমন্বয়কারী অধ্যক্ষ কাজী ফারুক স্বাক্ষরিত বিবৃতিতে নেতারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক, জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, শিক্ষা বোর্ডগুলোর চেয়ারম্যানদের অপসারণ দাবি ও